গেরিলা যুদ্ধ , কৌশল ও প্রস্তুতি

প্রস্তুতিমুলক সংখ্যা

প্রকাশনায়

মিল্লাতে ইব্রাহিম ও যুদ্ধ কৌশল

https://www.facebook.com/profile.php?id=100048540893341

بسم الله الرحمن الرحيم

الحمد لله مُعِز الإسلام بنصره, ومُذِل الشرك بقَهره , ومُصرف الأمور بأمره , ومُستدرج الكافرين بمَكره , الذي قَدَّرَ الأيام دولاً بعَدلِه , والصلاة والسلام على من أعلى منار الإسلام بسيفه أما بعد .. ..

আজকে আমরা একটা নতুন বিষয় নিয়ে আলোচনা করতে যাচ্ছি । আশা করি এই আলোচনা আমাদের মনোবল কে বাড়িয়ে দিবে ইংশাল্লাহ। ফিল্ডে এই ব্যাপারে ধারণা দিতে পারবো । আজকে আমভাবে মুসলমানদের মাঝে একটা প্রশ্নই বেশী কাজ করে আর তা হলঃ কুফফারদের বিশাল বাহিনীর মুকাবেলায় আমরা কি করতে পারবো । সাথে সাথে আমাদের সাধারণ অনেক ভায়েরা ও এই হতাশায় ভুগেন । আজকের দারসের মাধ্যমে আশা করি আমরা বাস্তবতা বুঝেতে এবং বুঝাতে সক্ষম হবো ইংশাল্লাহ ।

আল্লাহ্‌ তায়ালা বলেছেনঃ

{كم من فئة قليلة غلبت فئة كثيرة بإذن الله والله مع الصابرين}

আমাদের আরেকটা ব্যাপার স্পষ্ট হবে তা হলঃ মানসিক ভাবে পরাজয় ই হচ্ছে আসল পরাজয় । আমাদের যদি জিহাদের মনোবল হারিয়ে যায় তাহলেই আমরা পরাজিত হয়ে গেলাম

কাফেরদের আর কষ্ট করে আমাদের কে পরাজিত করতে হবেনা। তাই কখনো মনোবল হারানো যাবেনা ইংশাল্লাহ। যেমনটি আল্লাহ্ তায়ালা বলেছেনঃ

(ولا تهنوا ولا تحزنوا وأنتم الأعلون إن كنتم مؤمنين)

অনেকে হয়তো বুঝে ফেলেছেন কি মাউযু নিয়ে আলোচনা করবো

আজকের আলোচ্য বিষয় হলঃحرب العصابات

حرب العصابات/গেরিলা যুদ্ধ

للشيخ:

يوسف العييري

-رحمه الله-

আমরা মুল আলোচনায় যাচ্ছি ইংশাল্লাহ

শায়েখ ইউসুফ আল- উয়াইরি রহিঃ বলেনঃ

হে মুসলিম ভাইয়েরা, নিঃসন্দেহে ইসলামী শরীয়তে এবং মুসলিম উম্মাহর বর্তমান অবস্থায় সামরিক শাস্ত্রের জ্ঞান অর্জন অনেক গুরুত্বপূর্ন।

আল্লাহ সুবহানাহু বলেছেন:

وَأَعِدُّوا لَهُمْ مَا اسْتَطَعْتُمْ مِنْ قُوَّةٍ وَمِنْ رِبَاطِ الْخَيْلِ تُرْهِبُونَ بِهِ عَدُوَّ اللَّهِ وَعَدُوَّكُمْ وَآخَرِينَ مِنْ دُونِهِمْ لَا تَعْلَمُونَهُمُ اللَّهُ يَعْلَمُهُمْ وَمَا تُنْفِقُوا مِنْ شَيْءٍ فِي سَبِيلِ اللَّهِ يُوَفَّ إِلَيْكُمْ وَأَنْتُمْ لَا تُظْلَمُونَ (60)

'প্রস্তুত কর তাদের সাথে যুদ্ধের জন্য যা কিছু সংগ্রহ করতে পার, নিজের শক্তি সামর্থ্যের মধ্যে থেকে এবং পালিত ঘোড়া থেকে, যেন প্রভাব পড়ে আল্লাহর শত্রুদের উপর এবং তোমাদের শত্রুদের উপর'।

হাদীস শরিফে এসেছে:

روى مسلم عن أبي هريرة رضي الله عنه قال: قال رسول الله صلى الله عليه وسلم: (المؤمن القوي خير وأحب إلى الله من المؤمن الضعيف

আল্লাহর নিকট দূর্বল মু'মিনের চেয়ে শক্তিশালী মু'মিন অধিক প্রিয় ও শ্রেষ্ঠ। আর প্রত্যেকের জন্যে রয়েছে কল্যাণ।

বর্তমান মুসলিম উম্মাহর পরিস্থিতির দিকে দৃষ্টি রাখে এমন প্রত্যেকেই দেখতে পাবে, মুসলিম উম্মাহ সামরিক, অস্ত্র ও প্রশিক্ষনের ক্ষেত্রে অন্যান্য জাতি থেকে অনেক পিছিয়ে রয়েছে। যদিও শরিয়াহ এটিকে আমাদের সকলের উপর আবশ্যক করেছে।

যুদ্ধের প্রস্তুতি গ্রহন সব মুসলিমের উপর ওয়াজিব,

আল্লাহ তায়ালা বলেন:

{وَأَعِدُّوا لَهُمْ مَا اسْتَطَعْتُمْ مِنْ قُوَّةٍ}

(তোমরা সামর্থ অনুযায়ী তাদের বিরুদ্ধে শক্তি অর্জন কর।) আর আল্লাহ ও তাঁর রাসূলের কথায় আদেশ, ওয়াজিব হওয়াকে বুঝায়। উক্ত আয়াতে 'কুওয়াহ' শব্দটি অনির্দিষ্ট, যা সকল প্রকার শক্তি অর্জনকেই আবশ্যক করে।

যুদ্ধের জন্যে প্রয়োজন

প্রথমত আক্বিদার শক্তি, আল্লাহর উপর ভরসা করার শক্তি এবং ঈমানী শক্তি অর্জন করা। অতপর অর্থনৈতিক শক্তি, রাজনৈতিক শক্তি ও প্রশাসনিক শক্তি অর্জন ও সর্বশেষ সামরিক শক্তি অর্জন করা। আগ্রাসী শত্রুকে প্রতিহত করার জন্য আমাদের এই সর্ব প্রকার শক্তি প্রয়োজন। সুতরাং প্রথমে শক্তির অর্জনের বিষয়টা বোঝা জরুরী।

শক্তির দ্বারা উদ্দেশ্যঃ

শাইখ মোহাম্মদ আমিন শানক্বিতি "শক্তির মাসয়ালায়" উল্লেখ করেছেনঃ

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহ তায়ালার উক্ত আয়াত 'তোমরা তোমাদের সামর্থ্য অনুযায়ী শক্তি অর্জন করো' তেলাওয়াত করার পর বলেছেনঃ

" ألا إن القوة الرمي، ألا إن القوة الرمي، ألا إن القوة الرمي "

'জেনে রাখো, শক্তি হচ্ছে নিক্ষেপণ, শক্তি হচ্ছে নিক্ষেপন, শক্তি হচ্ছে নিক্ষেপন'। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কথা 'শক্তি হচ্ছে নিক্ষেপ করা' এর অর্থ শুধু এই শক্তিতেই সীমাবদ্ধ নয়। বরং এটা আয়াতের ব্যাপক অর্থের মধ্য হতে একটা বিশেষ অর্থ যা আল্লাহ বলেছেনঃ 'তোমরা তোমাদের সামর্থ্য অনুযায়ী শক্তি অর্জন করো'। তবে আল্লাহর নবী উক্ত হাদীসে বর্ণিত শক্তি দ্বারা উদ্দেশ্য হল প্রতিহত করার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ শক্তি হচ্ছে "নিক্ষেপণ শক্তি "।

সুতরাং আমাদের জন্য আবশ্যক হচ্ছে প্রস্তুতি নেওয়া এবং আক্রমণকারী শত্রুদেরকে প্রতিহত করার জন্য সামর্থ্য অনুযায়ী যুদ্ধের সরঞ্জাম তৈরি করা। এবং বর্তমান সময়ে আগ্রাসী শত্রুকে প্রতিহত করার জন্য সামরিক জ্ঞান অর্জন করাও আবশ্যক। এই জ্ঞান অর্জনের উদ্দেশ্য হল, আমরা চাই আক্রমণকারী শত্রুদের সাথে গেরিলা যুদ্ধে অংশগ্রহণ করব।

যুদ্ধের প্রকারবেধ

فالحرب تنقسم إلى أقسام، أو هي أنواع؛ فالحرب النظامية إما أن تكون حرباً تقليدية،

যুদ্ধ কয়েক প্রকারে বিভক্ত।

প্রথমতঃ الحرب النظامية/ প্রচলিত যুদ্ধ বা কনভেনশনাল ওয়ারফেয়ার।

যেখানে গতানুগতিক যুদ্ধ হবে। স্বাভাবিক যুদ্ধ বলতে দুইটি সৈন্যদলের মাঝে যে যুদ্ধ হয় সেটা উদ্দেশ্য। আর গতানুগতিক বলা হয়, যে যুদ্ধে প্রথাগত বা প্রচলিত অস্ত্র ব্যবহার করা হয়। যেমন ট্যাঙ্ক, কামান ও মাঝারি ও হালকা অস্ত্র, মাঝারি অস্ত্রের যুদ্ধবিমান এবং প্রচলিত ক্ষেপণাস্ত্র।

দ্বিতীয় প্রকার হচ্ছে, حربٌ غير تقليدية،/অস্বাভাবিক যুদ্ধ।

এটা সেই যুদ্ধকে বলা হয়, যে যুদ্ধে জীবাণু অস্ত্র, পারমাণবিক অস্ত্র, রাসায়নিক অস্ত্র ব্যবহার করা হয় অথবা আমাদের যুগে ব্যপক ধ্বংসের জন্যে ব্যবহৃত অস্ত্রগুলো। যা স্বাভাবিক যুদ্ধ বা প্রচলিত যুদ্ধকে অগতানুগতিক যুদ্ধে পরিনত করে।

তৃতীয় আরেকটি প্রকার হল حرب العصابات / গেরিলা যুদ্ধ।

এটাই আমাদের আলোচনার বিষয়। যেহেতু আজ মুসলমানদের কোনো রাষ্ট্র নেই,কোন বাহিনী বা স্থিতি নেই। অথচ সকল বিধর্মী জাতিগুলোর নিজস্ব অবস্থান রয়েছে। হিন্দু-মূর্তিপূজক, ইয়াহুদী-খ্রিষ্টান; পূর্বে যারা মুসলিমদের জিজিয়া দিয়ে থাকত। তাদের এখন রাষ্ট্র,ক্ষমতা, প্রশাসন ও সৈন্যবাহিনী আছে। অথচ মুসলিমদের এই সবের কিছুই নেই। তাই আমাদের উপর গেরিলা যুদ্ধের মাধ্যমে কাজ শুরু করা আবশ্যক।

আমরা গেরিলা যুদ্ধের মাধ্যমে শত্রুদেরকে প্রতিহত করবো, কারণ এটাই তাদের সেনাদের সামনে মূল বাধা। আর এটাই হল একমাত্র পথ; যার মাধ্যমে আমরা শত্রুদেরকে কাবু করতে সক্ষম। সুতরাং গেরিলা যুদ্ধ হল একটি অপ্রচলিত যুদ্ধ/ حربٌ غير تقليدية, যেখানে গেরিলারা এমন

অনেক পদ্ধতি ব্যবহার করে, যা তাদের সংখ্যা স্বল্পতা আধিক্যে পরিনত করে। দুর্বলতাকে শক্তিতে পরিনত করে।

فهذه الأساليب متعددة؛ منها ما هو استراتيجي، ومنها ما هو تكتيكي سنصل إلى الحديث عنه،

এখানে কিছু পদ্ধতি রয়েছে, যার একটি হলো স্ট্রেটেজিক আরেকটি হল টেক্টিক্যাল, এগুলোর আলোচনা আমরা সামনে করবো।

গেরিলা যুদ্ধের ক্ষেত্রসমূহ

গেরিলা যুদ্ধ চার প্রকারঃ

 حرب العصابات في الجبال / পার্বত্য গেরিলা যুদ্ধ।

 حرب العصابات في الأدغال / জঙ্গল গেরিলা যুদ্ধ।

 حرب العصابات في المدن / শহর কেন্দ্রিক গেরিলা যুদ্ধ।

 আর চতুর্থটি যা স্বভাবত চর্চা করা হয় না, এর নির্দিষ্ট কোন পদ্ধতি নেই; কারণ গেরিলাদের জন্যে এটা উপযুক্ত নয়, তা হলঃ حرب العصابات في الصحاري / মরুভূমিতে গেরিলা যুদ্ধ।

এই চারটি হলো গেরিলা যুদ্ধের প্রকার।

এই যুদ্ধগুলোর প্রত্যেকটির আলাদা বৈশিষ্ট্য রয়েছে।

فحرب الأدغال من أعظم ميّزاتها أنها تَشُلُّ حركة الطيران

"জঙ্গল গেরিলা যুদ্ধের" বড় বৈশিষ্ট্য হলো

বিমান আক্রমনকে অসাড় করে দেয়। কেননা এক্ষেত্রে যোদ্ধাকে বিমানের দৃষ্টি থেকে আড়ালে রাখে। শত্রু যদি বিমানে থাকে যেমনটা বর্তমানে আমেরিকার অবস্থা, তাহলে উত্তম হলো গেরিলা যুদ্ধের জন্যে জংগলে এমন জায়গা নির্ধারণ করা যার মাধ্যমে শত্রু বিমানের শক্তিকে অকেজো করা যায়।

পার্বত্য এলাকায় যুদ্ধের বৈশিষ্ট্য হলো,

পাহাড়ে শত্রুর যুদ্ধযান ও অস্ত্রকে অক্ষম করে দেয়া। সুতরাং যদি তোমার শত্রু অস্ত্র চালনায় দক্ষ হয় তাহলে এমন পার্বত্য ভূমি নির্বাচন করো, যা শত্রুর অস্ত্র-সরঞ্জামকে অকেজো করে

দিবে। তারা যদি বিমান নিয়েও আসে তাহলে উপর থেকে সহজেই পর্যুদস্ত করা সম্ভব। শত্রু যখন ভারী যন্ত্রপাতি নিয়ে গেরিলাদের অঞ্চলে আসবে এবং ট্যাঙ্ক ও ভারি অস্ত্র ব্যবহার করবে। তখন শত্রুর সাথে তার অস্ত্রশস্ত্রও ধ্বংস করতে সক্ষম হবে। তাই হিকমাহ হচ্ছে, গভীর ভাবে পর্যবেক্ষন করো, তোমার শত্রুর শক্তির উৎস কোথায়। এবং এমন সুবিধাজনক স্থান নির্বাচন করো যেখানে তার শক্তির মূল অংশকে ধ্বংস করে দিতে সক্ষম হবে।

"শহর কেন্দ্রিক গেরিলা যুদ্ধে" ভিন্ন একটি পদ্ধতি অনুসরন করা হয়। তবে যদি সফলতার সাথে তা বাস্তবায়ন করা যায়, তাহলে শত্রু তোমাদের বিরুদ্ধে কোন অস্ত্রই আর ব্যবহার করতে পারবে না। কারণ শহর কেন্দ্রিক যুদ্ধ এমন একটি যুদ্ধ, যেখানে শত্রুর সকল শক্তি খর্ব করা সম্ভব। যদি তুমি সঠিকভাবে যুদ্ধের নিয়ম বাস্তবায়ন করতে পারো, তাহলে শত্রু তোমার বিরুদ্ধে বিমান, ট্যাঙ্ক বা ভারি কোন অস্ত্র ব্যবহার করতে পারবে না। তবে শহরের যুদ্ধ সাধারণ যুদ্ধের মধ্যে সবচেয়ে কঠিন যুদ্ধ।

চতুর্থ হচ্ছে মরুভূমির যুদ্ধ।

মরু অঞ্চলের যুদ্ধ গেরিলাদের সক্ষমতাকে নষ্ট করে দেয়। আর শত্রুকে বিমান, ক্ষেপনাস্ত্র সহ যুদ্ধের সমস্ত অস্ত্র ব্যবহারের সুযোগ করে দেয়। এমন কোন বৈশিষ্ট্য খুঁজে পাওয়া যায় না যেখানে যুদ্ধের কোন মাঠ নির্বাচন করা বা আক্রমণ করার কোন ব্যবস্থা নেওয়া যায়।

এখন আমরা গেরিলা যুদ্ধের স্ট্র্যাটেজি সম্পর্কে আলোকপাত করবো, যাতে তোমার সামর্থ্য অনুপাতে গেরিলা যুদ্ধের উল্লেখিত ক্ষেত্রগুলোতে তা যথাযথ বাস্তবায়ন করতে পারো। এরপর তোমার ও শত্রু র সক্ষমতা ও সুযোগ বুঝে রণকৌশল অবলম্বন করতে পারো।

শত্রু সেনা বিন্যাস

আমাদের এটা জানা জরুরি, শত্রু সেনা যখন কাজ করে তখন নির্দিষ্ট অবকাঠামো অনুযায়ী কাজ করে। শত্রুর বিরুদ্ধে যুদ্ধে অংশগ্রহনের পূর্বেই শত্রুর সেই বিন্যাসটা জেনে নেয়া আবশ্যক। কারণ এখানে তাদের মধ্যে সম্পর্কের যে জোড়াগুলো আছে তা ব্যবহার করা ও শত্রুর জোড়ায় বা গ্রন্থিতে আঘাত করা আবশ্যক। মনে করো, তুমি কারো হাত নষ্ট করতে চাইছো, এখন তার বাহু ধরে যদি হাড়ে আঘাত করো;তবে তাতে সক্ষম হবে না। কিন্তু যদি তুমি তার হাড়েরজোড়ায় আঘাত কর, তাহলে সহজেই তা শরীর থেকে ছিড়ে আলাদা হয়ে যাবে।

গেরিলারা যখন তার শত্রু র ব্যাপারে জানতে চায়, তখন তারা এই দৃষ্টিভঙ্গি থেকেই দেখে।তারা শত্রুর জোড়াগুলো অনুসন্ধান করে যাতে আঘাতের ফলে শত্রুর মুভমেন্ট বন্ধ হয়ে যায়। এই পদ্ধতি হলো শক্তিকে আঘাত করার সবচেয়ে সহজ মাধ্যম। শৃঙ্খলাবদ্ধ বাহিনী যখন কাজ করে তখন তারা নির্দিষ্ট বিন্যাস অনুযায়ী কাজ করে, চেইন বাই চেইন পরিচালিত হয়। সামরিক শক্তিও এইভাবে পরিচালিত হয়। সুতরাং তোমার প্রয়োজন শত্রুর বিন্যাস ও কাজের অবকাঠামো সম্পর্কে জানা, যাতে সঠিকভাবে আক্রমন করতে পারো।

আর্মি যখন সারিবদ্ধ হয় তখন বিভিন্ন দলে বিভক্ত হয়। সাধারণত সব যুদ্ধেই সম্পূর্ন সেনাদলকে দুই ভাগ করা হয়, একটি থাকে পশ্চিম দিকে ও আরেকটি পূর্ব দিকে।বাহিনীদ্বয়েরঅধীনে সেনাদেরকে বিভিন্ন দলে ভাগ করা হয়।সৈনিকেরা যখন কোন পদক্ষেপ নিতে ইচ্ছে করে তখন এই বিন্যাসের আলোকে পদক্ষেপ নেয়। এবং তাদের দলগুলোর একত্র হওয়া বা আক্রমন করা, সবই নির্দিষ্ট বিন্যাস মেনে হওয়া আবশ্যক।

فأصغر تقسيم لدى العدو هي «المجموعة»، والمجموعة من 9 إلى 12 فرداً،

মাজমুয়াঃ শত্রুর সবচেয়ে ছোট দল হল 'মাজমুয়া' বা ইউনিট। প্রত্যেকটা মাজমুয়াতে ৯ থেকে

12 জন সেনা থাকে।

তারপর

الفصيل» ويتكون من ثلاث مجموعات فيتراوح من بين 33 إلى 50 حَسَب التدعيم الذي يُمَد به هذا الفصيل - والتدعيم »
سنتكلم عنه

ফাসীলঃ তিনটি মাজমুয়া নিয়ে 'ফাসীল' বা প্লাটুন গঠিত। "রিইনফোর্সমেন্ট" উপর ভিত্তি করে

এ গ্রুপে সেনা থাকে ৩৩ থেকে ৫০ এর ভিতর।

(রিইনফোর্সমেন্ট এর ব্যাপারে পরবর্তীতে আলোচনা করা হবে ইনশাআল্লাহ্।)

তারপর

السَرية»، والسرية ثلاث فصائل، فتتراوح ما بين 100 إلى 150 فرداً،»

সারিয়্যাহঃ তিনটি 'ফাসীল' নিয়ে গঠিত দলকে বলা হয় সারিয়্যাহ বা কোম্পানি।

একে স্কোয়াড্রন ও বলা যেতে পারে। এতে থাকে ১০০ থেকে ১৫০ জন সেনা।

তারপর

«الكتيبة»، والكتيبة من ثلاث إلى أربع سرايا،

কাতীবাঃ 'কাতীবা' বা ব্যাটালিয়ন/রেজিমেন্ট, যা তিন থেকে চারটি সারিয়্যাহ নিয়ে গঠিত হয়।

তারপর

«اللواء»، واللواء يتكون من ثلاث إلى أربع كتائب،

লিওয়াঃ তিন থেকে চারটি 'কাতীবা' নিয়ে গঠিত হয় একটি 'লিওয়া' বা ব্রিগেড।

তারপর

«الفرقة» وتتكون من ثلاث إلى أربع ألوية،

ফিরক্বাহঃ তিন বা চারটি লিওয়া মিলে একটি 'ফিরক্বাহ' বা ডিভিশন।

তারপর

«الفيلق» ويتكون من ثلاث إلى أربع فِرَق، ثم بعد ذلك

ফাইলাক্বঃ তিন বা চারটি ফিরক্বাহ মিলে একটা 'ফাইলাক্ব'।

তারপর

الجيش ويتكون من ثلاث إلى أربع فيالق.

জাইসঃতিন বা চারটি 'ফাইলাক্ব' মিলে একটি জাইস বা সেনাদল গঠিত হয়।

هكذا هي التقسيمات لدى العدو، أو لدى الجيوش النظامية.

এটাই হল শত্রু বাহিনীর স্বাভাবিক সেনা বিন্যাস বা শৃঙ্খলাবদ্ধ বাহিনীর বিন্যাস। এখানে কোন কাতীবা এমন পাওয়া যাবে না যেখানে ৪০০ জন সেনা রয়েছে, যা তিন/চারটি সারিয়্যাহ নিয়ে গঠিত। বরং প্রত্যেকটি কাতীবাতে কমপক্ষে ৫০০ সেনা থাকবে। এটা কেন? কারন

অধিকাংশ সময় প্রত্যেকটা কাতীবা অন্যদের সাহায্য নিয়ে গঠিত হয়।'রিইনফোর্সমেন্ট' হচ্ছে এই কাতীবার বাহির থেকে বিভিন্ন ইউনিট, প্লাটুন বা কোম্পানী থেকে সাহায্য নেয়া। উদাহারনত, কোন পদাতিক কাতীবা গঠিত হয় ট্যাংক পরিচালনাকারী বাহিনীর থেকে সহযোগিতা নিয়ে।

الجيوش تتكون من ثلاثة أركان: البريّة، والبحريّة، والجويّة.

সেনাদল তিন ধরনের হয়ে থাকেঃ

স্থলবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনী।

فكتيبة برية لا بد أن تُدَعَّم بشيء من الأركان الثلاثة،

সুতরাং যখন স্থলবাহিনীর কোন কাতীবা তৈরি করা হবে, তখন অবশ্যই 'রিইনফোর্সমেন্ট' করতে হবে। কারণ তারা যুদ্ধের ভূমিতে প্রবেশ করতে যাচ্ছে। অতএব স্থলবাহিনীকে অন্যান্য বাহিনীর পক্ষ থেকে সহায়তা করা আবশ্যক।যুদ্ধ যদি স্থলের হয় তাহলে নৌবাহিনীর সাহায্য প্রয়োজন হতে পারে, কেননা যুদ্ধের ময়দানে কখনো নদী বা সমুদ্র উপকূলে কাজ করা বা নদী-সমুদ্রের কাছাকাছি অবতরণ করা প্রয়োজন হবে। তাই নৌবাহিনী দ্বারা সহায়তা করা হয়। অন্যদিকে হয়ত স্থলের সেনারা এমন অঞ্চলে প্রবেশ করবে যেখানে শত্রুরা বিমান হামলা করবে, সে ক্ষেত্রে বিমান বাহিনী সাহায্য প্রয়োজন। যাতে আকাশ প্রতিরক্ষা করা বা রকেট লাঞ্চার ব্যবহার করা যেতে পারে। অথবা প্রতিরোধের জন্যে নয় বরং বিমান বাহিনীর শক্তি দ্বারা উপর থেকে এই কাতীবাকে সহায়তা ও প্রটেকশন দেয়া হয়। সুতরাং যখন কোন সাহায্যপ্রাপ্ত কাতীবা তৈরি হবে, তখন সেখানে এই বাহিনীর সংখ্যা ৫০০ অথবা ৬০০ এর উপরে চলে যাবে, যাদেরকে প্রয়োজন অনুপাতে সাহায্য করা হবে।

শত্রুর বাহিনীর আরো বিশেষ কিছু ভাগ থাকে, যেমনঃ

مُضاد الدبابات، أو مُضاد الدروع، / مُضاد الطائرات.

ট্যাংক প্রতিরক্ষা বাহিনী বা আকাশ প্রতিরক্ষা বাহিনী।

এদের নিকট রয়েছে "سلاح المهندسين / ইঞ্জিনিয়ারিং বিগ্রেড" যা বিশেষভাবে 'কাতীবা' এর অগ্রগতির জন্য সড়কপথ নিরাপদ করার কাজ করে। সব ধরনের মাইন, কাঁটাতার পরিক্ষা ইত্যাদি সব সমস্যা সমাধান করে। যদি সেখানে কোন ভাঙ্গা ব্রীজ থাকে তাহলে তা নতুন ব্রীজ তৈরি করে দিবে চলাচলের জন্যে। মোটকথা, তাদের কাজ হচ্ছে রুট ক্লিয়ার রাখা।

শত্রুর রয়েছে “سلاح الإشارة / সিগন্যাল কর্পস ”, যা ব্যবহার করে বিভিন্ন মাজমুয়া, সারিয়্যাহ ও কাতীবাগুলো মাঝে যোগাযোগ সচল রাখা হয়। আছে الملاحة / নেভিগেশন যন্ত্র – যা সেনাদের ভ্রমণ নিরুপণের জন্য ব্যবহার করা হয় এবং শত্রুর কেন্দ্র বা ঘাঁটি নিরুপণের জন্য, শুটিং পয়েন্ট নিরুপণের জন্য এবং প্রত্যেক প্রয়োজনীয় দূরত্ব বা গতি নির্ধারণের জন্য বিশেষভাবে ব্যবহার করা হয়।

أو الملاحة(Topography) فهذا يُخَصص في مجموعات الطبوغرافية ،.

এটা হল topographyবা নেভিগেশন গ্রুপের কাজ।

এখন সেনাদলের বিন্যাস সম্পর্কে অবগত হওয়ার পর, শুধু সেনাপতিকে দেখেই বলতে পারবে তাদের সংখ্যা কত। যেমন একজন কর্নেল একটি কাতীবার এর বেশি পরিচালনা করতে পারে না। সুতরাং যখন তুমি কর্নেল দেখবে তখন বুঝে নিবে তোমার সামনে কাতীবা থেকে কম। আর কোন জেনারেল দেখবে তখন বুঝবে তোমার সামনে থাকা সৈন্য কাতীবা থেকে বেশি। সুতরাং এই ভাবে শুধু কমান্ডারকে দেখে কোন এলাকার সৈন্য সংখ্যা বলে দিতে পারবে।

শত্রুদের পরিচালনা পদ্ধতি

শত্রুরা পরস্পর সম্পর্কযুক্ত হওয়া ছাড়া কোন পদক্ষেপ নিতে পারে না। তারা সর্বদা একে অপরের সাথে মিলিত থাকে। সুতরাং শত্রুর জন্য এটাও মোটেই সম্ভব নয় যে, সে এক অঞ্চলে প্রবেশ করবে আর পিছনের অঞ্চলকে খালি ছেড়ে দেবে। তার জন্য আবশ্যক হল এটা জেনে অগ্রসর হওয়া যে, তার সরবরাহ লাইন নিরাপদ এবং তা ছিন্ন করা যাবে না এবং সেনাদলের পাশের অক্ষগুলো শক্তিশালী ও পিছনের দিক থেকে আক্রমণ করা সম্ভব নাএবং কোন পদক্ষেপ নিতে হলে চিন্তাভাবনা করে নিবে। এই সবগুলোই কোন বাহিনীর জন্য অকাট্য স্ট্রাটেজি যা বাধ্য হওয়া ছাড়া কখনোই পরিবর্তন হয় না।

فمثلاً السرية تتحرك في 50 كيلومتر مربّع، يعني تُعطى مربّع تتحرك خلال 50 كم

উদাহরণসরুপঃ

একটি সারিয়্যাহ ৫০ বর্গকিলোমিটার মধ্যে কাজ করতে পারে। অর্থাৎ ৫০ কিলোমিটারের মধ্যে আক্রমন পরিচালনা করতে সক্ষম। তাই কোন সারিয়্যাহ ১০০, ২০০ বা ৩০০ বর্গ মাইলের মধ্যে পদক্ষেপ গ্রহন করতে পারবে না, যদি রসদ সরবরাহ নিরাপদ রাখতে চায়। যখন তুমি শত্রু চারপাশে বা সরবরাহ লাইনের বিরুদ্ধে কোনো পদক্ষেপ নিবে, তখন দেখবে শত্রু এমন সংকীর্ণ জায়গা বেছে নিতে বাধ্য হচ্ছে, যে অঞ্চল তার জন্য পূর্ণাঙ্গভাবে নিয়ন্ত্রন করা

সম্ভব। সুতরাং শত্রুর সেনারা বিক্ষিপ্তভাবে কোন কাজ করতে পারে না, বরং এক সাথে সবাই মিলে পদক্ষেপ নেয়া জরুরী। এটাই হলো গতানুগতিক সেনাদলের দূর্বল পয়েন্ট এবং গেরিলাদের জন্য একটি বিশাল শক্তি। কারণ গেরিলারা শৃঙ্খলাবদ্ধ কোন পদক্ষেপ নেয় না, তাদের কোন সীমা পরিধি নেই এবং তাদের এমন কোন অঞ্চল নেই যা রক্ষা করতে হবে বা পরিচালনা করতে হবে। আর তাঁদের কোন নির্দিষ্ট রসদ সরবরাহের লাইন থাকে না। আল্লাহর তাওফীকের পরে এগুলোই সেই বৈশিষ্ট্য, যা একজন গেরিলাকে প্রচুর শক্তি দান করে। অতএব তুমি প্রয়োজনে তোমার শত্রুর দূর্বলতা কাজে লাগাবে এবং তোমার শক্তি উন্নত ও বৃদ্ধি করবে।

؛ حينما يريد جيش مكون (NATO) فالعدو إذا أراد أن يتحرك أو يدخل ميدان المعركة، فعلى سبيل المثال حلف الناتو
من 100 ألف أن يخوض معركة في حلف الناتو، تجد أن 40 ألف يدخلون المعركة، و 60 ألف يكونون لهم دعماً
لوجستياً، والدعم اللوجستي يشمل عدة أمور؛ فهو يشمل التغذية، والتسليح، والإسعافات، وكل ما يحتاجه المقاتل في
ميدان المعركة، لا بد أن يكون هناك دعم لوجستي لهذا المقاتل؛ يقاتل 40 ألف، دعم لوجستي 60 ألف.

الاتحاد السوفييتي ومن معه» إذا كان لديهم 100 ألف، يدخل 70 ألف لأرض « (Warsaw Pact) حلف وارسو
المعركة و 30 ألف يكونون دعماً لوجستياً لـ 70 ألف مقاتل.

শত্রু যখন কোন পদক্ষেপ নিতে ইচ্ছে করে বা যুদ্ধের ময়দানে প্রবেশ করতে চায়, যেমন ন্যাটো বাহিনী। যদি তাদের এক লক্ষ সৈন্য নিয়ে যুদ্ধে নামে, তখন ৪০ হাজার সরাসরি যুদ্ধে অংশগ্রহণ করে, আর 60 হাজার সরবরাহের কাজে অংশ নেয়। সরবরাহের কাজ বলতে খাবার বহন, অস্ত্র বহন, চিকিৎসা সহ যুদ্ধের সমস্ত প্রয়োজনের জন্য নিয়োজিত বাহিনী।

الاتحاد السوفييتي ومن معه» إذا كان لديهم 100 ألف، يدخل 70 ألف لأرض « (Warsaw Pact) حلف وارسو
المعركة و 30 ألف يكونون دعماً لوجستياً لـ 70 ألف مقاتل.

অন্যদিকে (warsaw pact)সোভিয়েত ইউনিয়ন যখন এক লক্ষ নিয়ে মাঠে নামে, তখন ৭০ হাজার যুদ্ধে অংশগ্রহণ করে ও বাকি ৩০ হাজার যুদ্ধে সহযোগীতা মূলক কাজে নিয়োজিত থাকে।

উপরোক্ত আলোচনায় শত্রুর পরিচালনা পদ্ধতি, সৈন্যদের বিভাগ বিন্যাস এবং শত্রুকে দূর্বল করা বা আক্রমণ করার দূর্বল দিক গুলো জানা গেছে।

الجيش له سُلَّم إداري، له سُلَّم عسكري،

শত্রুদের রয়েছে প্রশাসনিক স্তর এবং সামরিক স্তর।

তাদের জন্য সুনির্দিষ্ট বিন্যাসের আলোকে চলাচল করা এবং নির্দিষ্ট স্থান বা (বর্গকিলোঃ) গন্ডিতে পদক্ষেপ নেওয়া আবশ্যক। তাদের রয়েছে নির্দিষ্ট সরবরাহ লাইন, রয়েছে নির্দিষ্ট কিছু স্থান বা অঞ্চল রক্ষার দায়িত্ব, সেগুলো রক্ষা করা আবশ্যক। কিন্তু গেরিলাদের জন্য এগুলোর কোনো প্রয়োজন নেই। তাদের না আছে কোন নির্দিষ্ট সীমা, না আছে সরবরাহ লাইন বা কোন অঞ্চল রক্ষার দ্বায়িত্ব। চলাচলের নির্দিষ্ট কোন নীতি নেই। অথবা এমন কোন বিন্যাস কাঠামো নেই যা রক্ষা করে পদক্ষেপ নিতে হবে। এবং তাদের সামরিক চেইন অবস্থানের প্রেক্ষিতে পরিবর্তন হতে থাকে।

যখন তুমি গতানুগতিক সৈন্যদের দূর্বল পয়েন্ট সমূহ এবং গেরিলা যুদ্ধের শক্তির রহস্য বুঝতে সক্ষম হয়েছো, তখন তোমার জন্য আবশ্যক হলো তোমার এবং শত্রুর কৌশলের মধ্যে পার্থক্য করা। অর্থাৎতারা যে সিস্টেমে প্রতিরোধ করবে তোমার উচিত ভিন্ন সিস্টেমে আক্রমন করা। যদি শত্রুর কৌশল প্রয়োগ করে আক্রমন করো তাহলে তুমি ব্যর্থ হবে, কারণ তারা শক্তি এবং সৈন্য সংখ্যায় তোমার চেয়ে বেশি। অতএব তোমার উচিত হল ভিন্ন কোন কৌশল ফলো করে কাজ করা, যার মাধ্যমে শত্রুকে পরাস্ত করতে পারবে।

গেরিলা যুদ্ধের আলোচনা

আমরা এতক্ষন গতানুগতিক সেনাবাহিনী পরিচয় জেনেছি, এখন গেরিলা যুদ্ধের পরিচয় জানবো।

فالعلوم العسكرية اختُلِفَ هل هي علم أم معرفة، يعني تؤخذ بالتجربة أم هي علم تُدرَس أم هو علم الحرب والعلوم العسكرية تُدرَس فتُعرَف، فالصحيح أنها علم ولا يمكن لرجل من خلال التجربة فقط أن يبلغ منزلة الرجل الذي درس وجرَّب، فالعلوم العسكرية بدأت منذ القِدَم من قبل الإسلام والأفكار العسكرية والخطط الحربية تتطور كلما تطور الصراع بين الأمم أو بين الشعوب أو بين الأفراد تجد أنه يتطور باستمرار.

সামরিক জ্ঞান সম্পর্কে মতভেদ আছে, এটা কি অভিজ্ঞতার আলোকে বুঝা যাবে নাকি এমন ইলম যা পাঠদানের মাধ্যমে অর্জিত হবে। সঠিক কথা হলো এটা এমন বিষয় যা শুধু অভিজ্ঞতার আলোকে বুঝা সম্ভব না। এটার ব্যাপারে সঠিক ইলম পাঠদান ও অভিজ্ঞতার সমন্বয়ের মাধ্যমে অর্জিত হবে।

ইসলাম পূর্ব থেকেই সামরিক জ্ঞানের চর্চা চলে আসছে। যেখানেই কোন দেশ, জাতি বা দলের মাঝে যুদ্ধ হবে সেখানেই ধারবাহিক ভাবে যুদ্ধবিদ্যা ও লড়াইয়ের কৌশলের উন্নতি ঘটে থাকে। গেরিলা যুদ্ধের উন্নতিগুলো নতুন নীতিমালার মাধ্যমেই হয়ে থাকে।

১৮’শ সালে কমান্ডার ‘কার্ল ফন ক্লাউসউইটজ ’ সর্ব প্রথম সামরিক বিজ্ঞান, সামরিক পরিকল্পনা, ট্যাকটিক ও স্ট্রেটেজিগুলোকে লিপিবদ্ধ করেন।

প্রসঙ্গক্রমে এখানে ট্যাকটিক ও স্ট্রাটেজির পরিচয় আলোচনা করছি।

 স্ট্রাটেজি হল স্থির পরিকল্পনা, স্থায়ী রণকৌশল ও এমন গুরুত্বপূর্ন বিষয় যা কখনোই পরিবর্তিত হয় না। সুতরাং অটল ও আবশ্যকীয় বিষয়কে স্ট্রাটেজি বলা হয়।

 অন্যদিকে ট্যাকটিক হল পরিবর্তনশীল, যা ছেড়ে দেয়া সম্ভব। অর্থাৎ এমন কৌশল যা সময়, স্থান, অস্ত্র ও সৈন্যসংখ্যার ভিত্তিতে পরিবর্তিত হয়। তাই যুদ্ধের স্ট্রাটেজিগুলো সর্ববস্থায় একই থাকে, যা কোন যুদ্ধেই পরিবর্তন করা যায় না। কিন্তু ট্যাকটিকগুলো সময়, স্থান, শত্রু, অস্ত্র, বাস্তবতা, আবহাওয়া, সহ পারিপার্শিক অবস্থার পরিপ্রেক্ষিতে পরিবর্তিত হয়। যেমন ফিকহের ক্ষেত্রে কিছু হচ্ছে উসুল বা মূলনীতি যা কখনো পরিবর্তিত হয় না, কিন্তু মাসায়ালা অবস্থাভেধে পরিবর্তিত হয়। যেমন একজনের জন্যে দাড়ি কাটা জায়েয না হলেও আরেকজনের জন্যে জীবন রক্ষা বা গ্রেফতারী থেকে বাঁচার জন্যে দাড়ি কাটা ওয়াজিব। তাই পরিস্থিতির দিকে দৃষ্টি রাখুন অতঃপর এই পরিস্থিতিতে যা উপযুক্ত সেই হিসেবে সম্মুখে অগ্রসর হোন, এটাই হলো ট্যাকটিক। আর স্ট্র্যাটেজিক হলো এমন কৌশল যার মধ্যে কোন পরিবর্তন হয় না।

আমরা পূর্বের কথায় ফিরে আসি, সর্ব প্রথম সামরিক বিজ্ঞান লিপিবদ্ধ করেছেন কম্যান্ডারক্লাউসউইটস(carl von clausewitz)।তিনিThe Book of War, Principles of Warইত্যাদি যুদ্ধবিদ্যা নিয়ে ৩৮ টি বই লিখেছেন,যা বাজারে পাওয়া যায়। মুজাহিদ ভাইদের লাইব্রেরীতেও পাবেন। কিন্তু এই সবগুলোতে শৃঙ্খলাবদ্ধ সেনাবাহিনীর স্ট্রেটেজি ও যুদ্ধের কৌশল নিয়ে আলোচনা হয়েছে। যদিও গেরিলাদের এগুলো প্রয়োজন নেই, তবু সে এগুলো শত্রুর কৌশল সম্পর্কে জানার জন্যে অধ্যয়ন করবে। আমি এই কিতাবগুলোর অনেক অংশ পাঠ করেছি এবং লক্ষ করলাম এখানের অধিকাংশ নীতিমালা হচ্ছে তাই, যে সমস্ত কৌশলগুলোকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রয়োগ করেছিলেন, খালিদ ইবনে ওয়ালিদ , আমর ইবনুল আস ও আবু উবাইদা ইবনুল জাররাহ রাদিয়াল্লাহু আনহুম শাম, মিসর ও ইরাক বিজয়ের অবলম্বন করেছিলেন।

আজ তারা যে কৌশলগুলো নিয়ে আলোচনা করছে তা যে পূর্ববর্তীদের নিকট ছিল, হয়তো সে জানে না অথবা জানলেও তা গোপন করেছে, যেমনটা জার্মানির সামরিক ডিপার্টমেন্টগুলোর অবস্থা। সেখানে খালিদ বিন ওয়ালিদ এর যুদ্ধ কৌশল শিক্ষা দেওয়া হয়, হয়তো তারা জানে অথবা জানেনা, আল্লাহ তায়ালাই ভালো জানেন। কিন্তু মূল বিষয় হল, মুসলমানদের কাছে

সামরিক বিদ্যার বিশাল ভাণ্ডার রয়েছে। যদি তারা আল্লাহর নবীর কৌশল, আক্রমণ, যুদ্ধ পদ্ধতি ও ভাগ বন্টন থেকে তা বের করতে সক্ষম হয়। আর এটা একজন সামরিক বিশেষজ্ঞের জন্যে সম্ভব একটি বিষয়, এখান থেকে অনেক কিছু বের করে নিয়ে আসা।

উদাহরণস্বরূপ; যুদ্ধের ময়দানে সৈন্যদেরকে সারিবদ্ধ করার ক্ষেত্রে আল্লাহর নবীর কৌশল নিয়ে আলোচনা করতে চাও তাহলে দেখতে পাবে, তিনি ওহুদ যুদ্ধে যখন কুফফারদেরকে প্রতিরোধের জন্য মদীনা থেকে বের হলেন এবং যুদ্ধের ময়দানে উপস্থিত হলেন। তখন তিনি শত্রুকে তার এবং মদিনার মাঝে রাখলেন। এই কৌশলের দিকে লক্ষ কর, তিনি মদিনাকে প্রতিরোধ করতে চাচ্ছেন কিন্তু শত্রুকে উনার এবং মদিনার মাঝে রাখছেন। আল্লাহর নবী কাছে ওহুদ পাহাড় মদিনা থেকেও গুরুত্বপূর্ণ ছিল, তিনি পিঠকে মদীনার দিকে না দিয়ে ওহুদ পাহাড়ের দিকে দিয়েছিলেন এবং মদীনাকে প্রতিরক্ষা করছিলেন। কারণ আল্লাহ নবী জানতেন মানুষের স্বাভাবিক অভ্যাস অনুযায়ী কুরাইশ বাহিনীর পক্ষে এটা কখনোই সম্ভব হবে না যে, তারা আল্লাহ নবীকে পিছনে রেখে মদীনার দিকে অগ্রসর হবে। শত্রুর পক্ষে এটা চিন্তা করাও সম্ভব না। এটা মানুষের স্বভাবজাত জিনিস। আমি আমার শত্রুকে পিছনে রেখে তার শহরের দিকে অভিমুখী হব অথচ মাঝে এমন ফাঁকা জায়গা রয়েছে যেখানে তার পক্ষে আমাকে ধরে ফেলা সম্ভব!!! এটা কখনোই হবে না। তাই আল্লাহ নবী পাহাড়কে তার পিঠের দিকে দিলেন এবং মদিনাকে সামনে রাখলেন। যখন শত্রু তাঁরএবং মদিনায় মাঝে অবস্থান করল তখন আল্লাহর নবী সবচেয়ে গুরুত্বপূর্ণ স্থান জাবালে রুমা'য় আরোহন করলেন এবং কিছু সাহাবীকে বললেনঃ 'তোমরা এই স্থানটা ছেড়ো না যদিও দেখো পাখি আমাদের মৃত লাশ গুলোর উপর উড়াউড়ি করছে'।

এটা আল্লাহ নবীর অনেকগুলো কৌশলের মধ্যে একটি কৌশল। চিন্তা করলে বুঝবে সামরিক বিদ্যা ও কৌশলগুলো সব মুসলিমদের কাছে ছিল, আল্লাহর নবীর কাছে ছিল এবং সাহাবাদের কাছে ছিল। কারণ তারা যখন বিভিন্ন শহর বিজয় করেছেন তারা কি এগুলো এমনিতেই বিজয় করেছেন?

এমনকি আল্লাহ তায়ালাও আমাদের জন্য যুদ্ধের নীতিমালা অবতীর্ণ করেছেন। তিনি বলেছেনঃ আল্লাহ তাআলা পছন্দ করেন যারা তারা পথে সারিবদ্ধ ভাবে যুদ্ধ করে। বলা হয় কোরাইশরা যখন দেখল নবী আলাইহিস সালাম তার সাথীদেরকে যুদ্ধের জন্য সারিবদ্ধ করছেন, তারা এই কাজ এর ফলে আশ্চর্যান্বিত হল এবং এগুলোকে যুদ্ধের অন্তর্ভুক্তই মনে করল না। আল্লাহ তাআলা এমন কিছু কৌশল ও রাস্তা দেখিয়ে দিলেন যার মাধ্যমে শত্রুকে পরাজিত করা সম্ভব। তাই যখন আল্লাহ তাদেরকে সারিবদ্ধ করলেন, এই কাজটা তাদের কাছে গোলমাল মনে হল ও তারা দূর্বল হয়ে গেল এবং এই কৌশলগুলোকে যুদ্ধের অন্তর্ভুক্ত মনে করল না।

তাই গুরুত্বের সাথে আমাদের মনে রাখতে হবে যে, যুদ্ধের স্ট্র্যাটেজি নবী ও সাহাবাদের কাছে ছিল। পরবর্তীতে কিছু সামরিক জেনারেল এসে এগুলোকে লিপিবদ্ধ করেছেন। যুদ্ধের স্ট্রাটেজি

ও আক্রমণের কৌশল লিপিবদ্ধ করেছেন যাতে তাদের আর্মি স্কুলগুলোতে একাডেমিক সিস্টেমে পাঠদান করা যায়।

পরবর্তীতে গেরিলা যুদ্ধের নীতিমালাও লিপিবদ্ধ হওয়া শুরু হয়েছে। ইসলাম পূর্ব যুগেও আরবরা শত্রুর বিরুদ্ধে বিভিন্ন গেরিলা কলাকৌশল প্রয়োগ করেছিল, পরে ইসলাম এসে অতর্কিত আক্রমণ, উৎ পেতে থাকা ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে গেরিলা নীতিমালা ব্যবহার করছিল।

পরবর্তীতে কমিউনিস্ট বিপ্লবের সময় যখন তারা চীনা জাতির সাথে যুদ্ধ করে ও বিজয় অর্জিত হয় এবং চীনকে কমিউনিস্ট রাষ্ট্রে পরিণত করতে সক্ষম হয়। তখন জেনারেল মাও জিডং যুদ্ধে ব্যবহৃত গেরিলা যুদ্ধের কৌশলগুলোকে লিপিবদ্ধ করে এবং সেই সর্বপ্রথম গেরিলা যুদ্ধের নীতিমালা লিপিবদ্ধ করার ক্ষেত্রে প্রসিদ্ধ।

পরবর্তীতে ভিয়েতনাম যুদ্ধের নেতারা এই কাজটা করেছিল। প্রথমে তারা ফ্রান্সের বিরুদ্ধে যুদ্ধ করে এবং দেশ থেকে হটিয়ে দেওয়া দিতে সক্ষম হয়। পরবর্তীতে আবার আমেরিকানদের সাথে যুদ্ধ লাগে এবং তাতেও তারা একই কৌশল অবলম্বন করেন। তারা গেরিলাযুদ্ধকে একটি শাস্ত্রে রুপ দিতে সক্ষম হয়। তারা এখানে অনেক স্ট্র্যাটেজি ও টেকনিক আবিষ্কার করে। এরপর কিউবার প্রেসিডেন্ট ফিদেল কাস্ত্রো এবং আর্জেন্টিনার গেরিলা 'চে গুয়েভারা ' কমিউনিস্ট আন্দোলন শুরু করে। যখন তারা যুদ্ধ শুরু করেন তখন মাত্র ১৩ জন লোক ছিল। আস্তে আস্তে তারা কিউবা দখল করে নেয় এবং আজও পর্যন্ত আমেরিকার গলার কাঁটা হিসেবে টিকে আছে।

মূলকথা হলো গেরিলাযুদ্ধ লিপিবদ্ধ করা হচ্ছে ও এখানে অনেক অভিজ্ঞতা সংযুক্ত হচ্ছে। পূর্বের যুদ্ধগুলো থেকেও অনেক স্ট্রাটেজি আবিষ্কৃত হচ্ছে। এই বইয়ে সব স্ট্রাটেজি নিয়ে কথা দীর্ঘ করবো না কারণ অনেকগুলোতে আলাদা আলোচনা দরকার। তবে গুরুত্বপূর্ণ বিষয়গুলো আলোচনা করবো। গেরিলা যুদ্ধ অথবা গেরিলা যোদ্ধারা কিভাবে বিভক্ত হবে, তাদের বিন্যাস কাঠামো, কিভাবে তারা আক্রমণ পরিচালনা করবে এবং আক্রমণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ স্ট্রাটেজি গুলো কি, গেরিলা যুদ্ধের স্তরগুলো এবং গুরুত্বপূর্ণ বিষয় গুলো জানবো ইনশাআল্লাহ্‌।

শুরুতে যখন গেরিলা যুদ্ধের নীতিমালা লিপিবদ্ধ হচ্ছিল তখন বিভিন্ন স্থান থেকে বিক্ষিপ্তভাবে কৌশল ও অভিজ্ঞতা জমা করা হচ্ছিল। আস্তে আস্তে তা এমন একটি পর্যায়ে দাঁড়িয়েছে যেখানে সেই সব নীতিমালায় লিপিবদ্ধ হয়েছে যা অধিক কার্যকরী ও সফল। যেমন আমরা পূর্বে আলোচনা করেছি গেরিলা যুদ্ধের সর্বোত্তম স্থান ও সেগুলোর বৈশিষ্ট্য সম্পর্কে। শহর, পাহাড়, জঙ্গল ও মরুভূমি।

গেরিলা যুদ্ধের বিন্যাস কাঠামো

গেরিলা যোদ্ধাদের জন্য সমস্যার জায়গা শুধু একটাই, আর তা হল গেরিলা যোদ্ধারা এমন বাহিনী হবে যা পদাতিক। এবং যদি সে দক্ষতার সাথে যুদ্ধ করতে চায় তাহলে সামরিক সমস্ত কিছু জ্ঞান অর্জন করতে হবে। অর্থাৎ সামরিক সব দক্ষতা তার থাকতে হবে। একজন গেরিলাকে অবশ্যই যোদ্ধা হতে হবে, সিগন্যাল কর্পস, প্রকৌশল, অন্যদের সাথে যোগাযোগ মাধ্যমগুলো ব্যবহারের দক্ষতা থাকতে হবে এবং উদ্ধার কাজে দক্ষতা থাকতে হবে।

অর্থাৎ যুদ্ধের ময়দানে সবগুলো প্রয়োজনীয় জ্ঞান তার একার মধ্যেই থাকতে হবে। এমনকি যদি প্রয়োজন হয় তাহলে আকাশ ও সমুদ্র যুদ্ধের দক্ষতাও থাকতে হবে। তাই গেরিলা যুদ্ধের কষ্টকর কাজ হচ্ছে তাদের প্রত্যেককেই এই সবকিছুতে যোগ্য করে গড়ে তোলা আবশ্যক। এমনকি ট্যাংক, কামান ও বিমান প্রতিরোধের দক্ষতা থাকতে হবে। অর্থাৎ স্বাভাবিক সেনা বাহিনী যুদ্ধের বিভিন্ন প্রয়োজনের জন্য বিভিন্ন ধরনের লোক ব্যবহার করলেও গেরিলা যোদ্ধার জন্য একাই সব ধরনের যোগ্যতার অধিকারী হওয়া আবশ্যক।

সুতরাং একজন গেরিলা কমান্ডো যার এসমস্ত দক্ষতা রয়েছে এবং সামরিক বিদ্যার সবকিছুই সে জানে, তখন তার থেকে সর্বোচ্চ ফায়দা নেওয়া সম্ভব। কারণ তুমি যখন গেরিলা যোদ্ধায় পরিণত হয়েছে, যুদ্ধের সমস্ত বিদ্যা সম্পর্কে অবগত, তখন তোমার কৌশল সফলতার ব্যাপারে অনেকটাই নিশ্চিত।

আর গেরিলা যোদ্ধাদের কৌশলগুলো হয়ে থাকে উন্মুক্ত। আমার কাছে যদি তিনজন গেরিলা থাকে তাহলে তাদের থেকে উপকৃত হতে পারবো, একজন থাকলেও উপকৃত হতে পারব। দশজন বা বিশজন সবার থেকেই উপকৃত হতে পারব। কিন্তু গতানুগতিক শৃংখলাবদ্ধ সেনাদের মধ্য থেকে১০ জন নিয়ে আসলেও তাদের থেকে উপকৃত হওয়া সম্ভব না, কারণ হয়তো এই দশজন হচ্ছে পদাতিক। এখন তারা যদি নেভিগেশন যন্ত্র হারিয়ে ফেলে তাহলে তাদের দ্বারা কোন উপকার হওয়া সম্ভব না, যোগাযোগের দক্ষ ব্যক্তিকে হারিয়ে ফেলেছে তো তাদের মধ্যে আর কোন উপকার নেই। তেমনি কোন আবশ্যকীয় জিনিস হারিয়ে ফেললে তারা অকেজো হয়ে যাবে। এমনকি ট্যাংক যুদ্ধে যদি এর নিক্ষেপকারী নিহত হয় তাহলে বাকিদের দ্বারা কোন ফায়দা নেই, ঠিক তেমনি এর চালক যদি নিহত হয় তাহলে কোন ফায়দা নেই। কামানের ক্ষেত্রেও একই অবস্থা। কারণ শৃংখলাবদ্ধ সেনাবাহিনী সামষ্টিকভাবে কাজ করে থাকে। তারা এমন দল যেখানে একজন অপরজনকে পরিপূর্ণ করে।

তারা বাহিনীতে কোন ব্যক্তিকে নিয়ে আসে এবং তাকে তার অস্ত্রের বিষয়ে অভিজ্ঞ করে তোলে। যেমন কাউকে হালকা অস্ত্রের প্রশিক্ষণ দিয়ে ১০০%অভিজ্ঞ করে তুললো। কিন্তু অন্যদিকে একজন গেরিলা যোদ্ধার জন্য একই সময়ে হালকা, মধ্যম ও ভারী সমস্ত অস্ত্রের দক্ষতা থাকতে হবে। সেই সাথে বোমা তৈরি, বিভিন্ন যুদ্ধযান ও যানবাহনগুলোকে পরিচালনা অর্থাৎ সমস্ত বিষয়ে দক্ষতা থাকতে হবে। ট্যাংক পরিচালনা, নিক্ষেপ করা এবং যেকোন

জায়গায় প্রবেশ করানো অর্থাৎ তার একার পক্ষেই সবগুলো কাজ করার সক্ষমতা থাকতে হবে, যাতে করে একাই যুদ্ধে ঝাঁপিয়ে পড়তে পারে। অর্থাৎ সে যুদ্ধের সমস্ত কৌশল জানবে, প্রয়োগ করতে পারবে এবং যুদ্ধের যে কোনো পর্যায়ে, যে কোনো পরিস্থিতিতে, যে কোনো স্থানে, যে কোনো আক্রমণ পরিচালনা করতে পারবে। যদি তুমি গেরিলাদেরকে এভাবে প্রস্তুত করো তাহলে তোমার সামনে যুদ্ধের পরিকল্পনাগুলো সহজ ও উন্মুক্ত হয়ে যাবে।

পাহাড় ও জঙ্গলে গেরিলা যোদ্ধাদের সর্বোত্তম ইউনিট হচ্ছে ২৫ জন। এদের মধ্যে থাকবে আমীর, সহকারী, কমান্ডার, একজন বা দুইজন রাস্তা নিরুপণকারী, এক বা দুইজন স্নাইপার, দুইজন যুদ্ধযান পরিচালনাকারী, দুইজন উদ্ধারকর্মী, ছয় থেকে আট জন যোদ্ধা। এখানে সবাই যদিও প্রত্যেকটা কাজে ভালো পারে, তারপরও যুদ্ধে কিছুটা শৃংখলাবদ্ধ আক্রমণের জন্য এই ধরনের বিন্যাস হবে সর্বোত্তম কাঠামো। এখন তোমার কাছে যদি 10 জন থাকে তাহলেও এই ধরনের বিন্যাস করতে পারবে। সবচেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে এই বিন্যাসের ক্ষেত্রে কোন নির্দিষ্ট ব্যক্তির প্রতি মুখাপেক্ষী নও, বরং পরিস্থিতি অনুযায়ী বিন্যাস পরিবর্তন আবশ্যক।

যদি তুমি এমন যুদ্ধে প্রবেশ করো যেখানে শত্রুর সামরিক যান বেশি তাহলে তোমার অধিকাংশ সদস্য ট্যাংক বিধ্বংসী অস্ত্র বহন করবে। যদি তুমি এমন যুদ্ধে অবতীর্ণ হও যেখানে কোন সামরিক ঘাঁটি ধ্বংস করতে হবে, তাহলে তোমার অধিকাংশ অথবা সমস্ত সাথীর নিকট হ্যান্ড গ্রেনেডের অনেক মজুদ থাকতে হবে। যাতে রাস্তা, পরীক্ষা বা বিভিন্ন কক্ষগুলোকে ধ্বংস করা যায়। তাই তোমার সামনের কাজের ভিত্তিতে এবং যুদ্ধের পরিস্থিতির উপর ভিত্তি করে এই দলটাকে বিন্যাস করতে হবে। সুতরাং যেহেতু বিন্যাস কাঠামো উন্মুক্ত এবং সবার সব ধরনের অভিজ্ঞতা রয়েছে তাই গেরিলা যোদ্ধাদের কোন কিছুর ঘাটতি হয় না।

অন্যদিকে গতানুগতিক সেনাবাহিনীকে দেখবে তারা নির্দিষ্ট সিস্টেমে সংযুক্ত হয় এবং একে অপরের সাথে মিলিত থাকে। কিন্তু গেরিলা যোদ্ধাদের কোন নির্দিষ্ট সম্পর্ক বা যোগাযোগ প্রয়োজন নেই, গেরিলা যোদ্ধাদের কোন স্থান সংরক্ষণ করা, নির্দিষ্ট স্থান দিয়ে চলাচলের আবশ্যকীয়তা নেই। বরং তার যেভাবে ইচ্ছা এবং যুদ্ধের জন্য উপযোগী পদ্ধতিতে চলাচল করে। এগুলোই হচ্ছে গেরিলাযুদ্ধের বিন্যাস।

গেরিলা যুদ্ধের প্রথম মারহালা

المرحلة الأولى هي: مرحلة المناوشة أو «الكَر والفَر» أو «الكلب والبرغوث»، لها أسماء كثيرة

প্রথম স্তর, যাকে বলা হয় হিট অ্যান্ড রান; "আঘাত করো ও পলায়ন করো"। অর্থাৎ খন্ডযুদ্ধের অবস্থা ও শত্রুকে নিশ্বেষ করে দেয়ার যুদ্ধ।

সবচেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে এই যুদ্ধের স্ট্র্যাটেজি হলো, তুমি শত্রুর সামনে প্রকাশিত হবে না। এই ক্ষেত্রে বাড়াবাড়ি করা বা একগুয়েমি করা গেরিলাদেরকে ধ্বংস করে ফেলবে অর্থাৎ শত্রুকে পরাজিত করার ক্ষেত্রে বাড়াবাড়ি বা দুঃসাহসিকতা দেখানো এই স্তরকে নষ্ট করবে। এসময় তুমি নির্দিষ্ট কোন স্থান রক্ষার দায়িত্ব নিবে না এবং নির্দিষ্ট স্থানে অবস্থান করবে না। ভারী অস্ত্র এই মারহালার জন্য জন্য উপযুক্ত নয় এবং উপযুক্ত নয় কোন স্থান পাহারাদারি করা। এই সময়ে শত্রুকে আক্রমণের সর্বোত্তম সময় হচ্ছে তার চলাচলের সময়, কারণ শত্রু যখন এক স্থান থেকে অপর স্থানে যাতায়াতের মধ্যে থাকে তখন সে সবচেয়ে দুর্বল থাকে। যখন শত্রু যুদ্ধের জন্য প্রস্তুত থাকবে তখন তাকে আক্রমণ করবে না।

এই মারহালাতে গেরিলাদের জন্য পলায়নের পদ্ধতি আত্মস্থ করা আবশ্যক। পলায়নের সব ধরনের জ্ঞান থাকতে হবে এবং এটাকে তাদের সর্বাধিক গুরুত্বের স্থানে রাখতে হবে। পলায়নে দ্বারা উদ্দেশ্য হচ্ছে, আক্রমণ করে ফিরে আসা। শত্রু সম্মুখ থেকে দ্রুত সরে যাওয়া। এজন্যই মাও জিডং বলেছিলো; তুমি শিক্ষা নাও কিভাবে পলায়ন করবে। আসলেই কিভাবে পলায়ন করবে তার শিক্ষা গ্রহণ করা আবশ্যক। শত্রুকে কখনই সামনে থেকে আক্রমন করবে না বরং তোমার উপর আবশ্যক হচ্ছে, তার পিছনে আক্রমণ করা, তার রসদে আক্রমণ করা, সরবরাহ লাইনে আক্রমণ করা এবং দুর্বল পয়েন্ট আক্রমণ করা।

চেষ্টা করবে শত্রুকে যতটা সম্ভব বিস্তৃত অঞ্চলে ছড়িয়ে দিতে। এক্ষেত্রে গেরিলাদের জন্য উত্তম হবে চারটি ভিন্ন স্থানে আক্রমণ করা যা একটা আরেকটি থেকে অনেক দূর হবে। অথবা সম্ভব হলে আটটি বিচ্ছিন্ন স্থানে আক্রমণ করা। এখানে তাদেরকে বিচ্ছিন্ন করার দ্বারা গেরিলাদের শত্রু সেনা হত্যা উদ্দেশ্যে থাকবে না বরং উদ্দেশ্য হবে শত্রুর শক্তি-সক্ষমতাকে আস্তে আস্তে নিঃশেষ করে ফেলা। উদাহরণত, যখন আমরা বলি একটা 'সারিয়্যাহ'৫০ বর্গ কিলোমিটারের মধ্যে কাজ করে। এখন যখন তুমি ৫০ কিলোমিটারের মধ্যে আক্রমণ করবে তখন তারা এই অঞ্চলের মধ্যে ছড়াবে, পরবর্তীতে তোমার আক্রমণটা পূর্বের আক্রমণ থেকে ১০০ কিলোমিটারের মধ্যে ছড়িয়ে দিবে। এর পরবর্তীতে আক্রমণ বিস্তৃত করে অন্য কোন সারিয়্যাহ বা কাতিবার অঞ্চলে চলে যাবে। সুতরাং তোমার জন্য প্রয়োজন শত্রুকে যতটুকু সম্ভব ছড়িয়ে দেওয়া। এই ছড়িয়ে দেওয়ার অর্থ হচ্ছে শত্রুকে ক্ষয় করে ফেলা শত্রুকে শক্তিকে নিঃশেষ করে ফেলা।

তাই এই স্তরটাকে "حرب الإستنزاف"'শক্তি নিঃশেষের যুদ্ধ' নামকরণ করা হয়।

মুহতারাম ভাইগণ ! একটু ফিকির করলে এই দারসের সাথে আমাদের বর্তমান কার্যপরিধির বাস্তবতা অনুধাবন করতে পারবো ইনশাল্লাহ।

অনেকে এটার নাম রেখেছে "কুকুর ও পোকা"। কুকুর অবশ্যই আটালি পোকা থেকে অধিক শক্তিশালী। কিন্তু পোকার পক্ষে সম্ভব কুকুরকে ক্লান্ত করে ফেলা এবং তার সমস্ত শক্তিকে নিঃশেষ করে ফেলা। তুমি দেখবে পোকা তার এক জায়গায় কামড় দেয় তখন কুকুর সে জায়গাটা নখ দিয়ে আঁচড়ায়, পরে সে ভিন্ন স্থানে চলে যায় এবং কামড় বসায় ফলে কুকুর সেই আরেকটা স্থানে আচড়ায়। এভাবে এসে কামড় দিতে থাকে আর কুকুর প্রত্যেকটা স্থানে আচঁড়াতে থাকে। ফলে কুকুরকে দেখবে সে নিজেকে নিয়ে ব্যস্ত, চামড়ায় আচড় কাটছে অর্থাৎ সে অন্য কিছুকে আচড়াচ্ছে না। এবং পোকা তার শরীর থেকে রক্ত খাওয়ার সাথে সাথে সে নিজেও নখ দিয়ে চামড়া থেকে রক্ত বের করছে, সে নিজেকে কষ্ট দিচ্ছে। সুতরাং তোমাকেও এই পদ্ধতিতে শত্রুকে নিঃশেষ করে ফেলতে হবে। অথচ যদি পোকা কুকুরের সামনে দাঁড়াত তাহলে এক খাবায় শেষ করে ফেলত।

তাই তোমার উচিত সেই একই পদ্ধতি অনুসরণ করা শত্রুকে যুদ্ধের মাঠ থেকে বের করে দেয়া, হত্যা করা নয়।১০০ কিলোমিটারের চারটা বিচ্ছিন্ন স্থানে আক্রমণ করে ১০০ জন সেনাকে হত্যা করা তোমার জন্য উত্তম, নিকটবর্তী স্থানে ৮ টি আক্রমণ করে ৩০০ জন হত্যা করার চেয়ে। কেননা এই স্তরে প্রয়োজন হল শত্রুর সমস্ত শক্তি ব্যস্ত রাখা এবং সমস্ত সক্ষমতা নিঃশেষ করে ফেলা। কেননা তুমি তার জন্য কোনো নিরাপদ স্থান রাখতে চাও না।

যদি তুমি কোন রাষ্ট্রের সেনাবাহিনীর বিরুদ্ধে দাড়াও, তাহলে তোমার জন্য ভুল হবে কোন একটা নির্দিষ্ট অঞ্চল দখল করা। কারণ তখন শত্রু তার সমস্ত শক্তি নিয়ে সে অঞ্চলকে উদ্ধার করতে সক্ষম হবে। বরং উত্তম হবে শত্রুকে পুরা দেশের বিভিন্ন স্থানে ছড়িয়ে দেওয়া এবং আক্রমণ করা। কারণ সে যখন ছড়িয়ে পড়বে, দুর্বল হয়ে যাবে। গেরিলাদের সামনে যেই পরিস্থিতি আসুক, শৃংখলাবদ্ধ সেনাবাহিনী যদি বিচ্ছিন্ন হয়ে যায় তাহলে দুর্বল হয়ে পড়ে। এবং তাদের পক্ষে তোমার আক্রমনকে প্রতিহত করার মতো শক্তি একত্র করা সম্ভব হবে না।

উদাহরণতঃ আমেরিকানরা যদি আফগানিস্থানে 'পাকতিয়া' প্রদেশে গেরিলাদের যুদ্ধ বন্ধ করতে চায়, তাহলে তাদের এক মিলিয়নের অধিক সৈন্য লাগবে। কারণ তখন তাদের পরিপূর্ণ প্রস্তুতি ও নিরাপদ সরবরাহ লাইন লাগবে, যাতে সফলভাবে গেরিলাদের ওপর আক্রমণ করা যায়। কারণ শত্রু যদি কোন ডিভিশনকে ২০০ কিলোমিটার দূরে পাঠায়, তাহলে তার জন্য আবশ্যক হলো ২০০ কিলোমিটার এর মধ্যে সেনা ছড়িয়ে দেওয়া এবং পূর্ণ রাস্তা পাহারাদারি করা। তাই শত্রু যত বিচ্ছিন্ন হবে সে তত দ্রুত নিঃশেষ হবে।

শত্রু স্বাভাবিক ভাবে নিহত যতই হোক; তা সহ্য করে নিতে পারে। যেমন আমেরিকার জনগণ ৩০০ মিলিয়ন। তুমি যদি এখান থেকে ১ মিলিয়নকে আফগানিস্তানে হত্যা করো, তাহলে এটা কি তাদের ওপর কোনো প্রভাব ফেলবে? জনসংখ্যার দিক থেকে এটা কোনো প্রভাব ফেলবে না। কিন্তু তোমার পক্ষে সম্ভব মিলিয়নকে হত্যা না করে তাদের শক্তি ও সক্ষমতাকে নিঃশেষ করে ফেলা।

উদাহরণস্বরূপ ভিয়েতনাম যুদ্ধে আমেরিকান সেনা মারা গেছে ৭৬০০০, অন্যদিকে ভিয়েতনামি জনগণ মারা গেছে চার মিলিয়ন। কিন্তু আমেরিকাই পরাজয় ঘোষণা করেছে। তাই শত্রুকে সেনা ও অস্ত্র ধ্বংস করে পরাজিত করা সম্ভব নয় বরং এটা পরাজয়ের একটি অংশ। আসল পরাজয় হচ্ছে শত্রুর যুদ্ধের ইচ্ছাকে নষ্ট করে দেয়া। আমেরিকানদের ৭৬০০০ নিহতের মাধ্যমে ভিয়েতনামীরা তাদের যুদ্ধের ইচ্ছাকে নষ্ট করে দিয়েছিল।

ঠিক তেমনি আফগানে সেভিয়েত ইউনিয়নের এত বেশি সেনা মারা যায়নি এবং এত অস্ত্র ধ্বংস হয়নি। রাশিয়ার ৪ মিলিয়ন সেনা রয়েছে, এখান থেকে ১ মিলিয়ন আফগানিস্থানে হত্যা করলে তাদের ওপর কোনো প্রভাব ফেলবে না। আফগান যুদ্ধে জনগণ মারা গেছে প্রায় ১৫ লক্ষ, অন্যদিকে সেভিয়েত ইউনিয়নের সেনা নিহত প্রায় ৫০০০০। কিন্তু তারপরেও তারাই পরাজিত হয়েছে। তারাই মুজাহিদদের সাথে চুক্তি করেছে তারা সবকিছু ছেড়ে চলে যাবে, শর্ত হচ্ছে চলে যাওয়ার সময় মুজাহিদরা আক্রমণ করবে না।

সুতরাং তুমি দেখবে যাদের ১৫ লক্ষ নিহত হয়েছে তারাই বিজয়ী, অন্যদিকে অনেক অল্প নিহত হওয়ার পরেও শত্রু পরাজিত। কারণ তুমি শত্রুর যুদ্ধের ইচ্ছা ও আগ্রহকে নষ্ট করে দিয়েছ।

এজন্য কিছু সেনাবাহিনীকে দেখবে তাদের কোনো ক্ষতি ছাড়াই পরাজয় বরণ করে নিচ্ছে। যেমন ইরাকি সেনারা দ্বিতীয় উপসাগরীয় যুদ্ধে পরাজিত হয়েছিল, অথচ তাদের ওপর বিমান ও সামুদ্রিক আক্রমণের ফলে মাত্র ১৫ শতাংশ শক্তি নষ্ট হয়েছিল। তাই অনেক সময় শত্রুবাহিনী কোন ক্ষতি বা ধ্বংসে পতিত হওয়া ছাড়াই পরাজয় ঘোষণা করে দেয়। অন্যদিকে এমন বাহিনী আছে যার পূর্ণ শক্তি নষ্ট হয়ে যাওয়ার পরও নতুন করে ফিরে আসে এবং যুদ্ধ করে বিজয় অর্জন করে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ব্রিটিশদের সমস্ত শক্তি নষ্ট হয়ে যায়, ফলে বৃটেনের প্রেসিডেন্ট উইনস্টন চার্চিল মানুষের মধ্যে ঘোষণা করেছিল যাতে ঘরের ডেগ-কলসি নিয়ে কারখানায় আসে, যাতে এগুলো দিয়ে যুদ্ধ বিমান তৈরি করা যায়। এবং বাস্তবেই তারা ডেকচির লোহা থেকে বিমান তৈরি করে যুদ্ধ শুরু করে এবং বিজয় অর্জন করে।

ঠিক তেমনি তালেবানদের সমস্ত ভূমি হস্তচ্যুত হয়ে যায়। তাদেরকে সব অঞ্চল থেকে বের করে দেওয়া হয়, কিন্তু আমেরিকানরা তালেবানদেরকে পরাজিত করতে পারে নি। তারা তাদের সমস্ত ভূমি দখল করে ফেলেছিল, তাদের প্রত্যেকটা ঘাঁটিতে আক্রমণ করেছিল এবং বিমানের

মাধ্যমে এত ভয়াবহ হামলা করেছিল, যা ইতিহাসে পূর্বে কখনো ঘটেনি। কিন্তু তালেবানরা পরাজিত হয়নি বরং তারা ফিরে গিয়েছিল এমন ভূমি ও কৌশলের খুঁজে, যা দিয়ে তারা শত্রুকে প্রতিরোধ করতে পারবে।

সুতরাং ন্যাটো জোট তালেবানকে পরাজিত করতে পারেনি এবং আফগানদেরকে বাস্তবিক পরাজয় বরন করাতে পারেনি। কেননা পরাজয় হচ্ছে যুদ্ধ চালিয়ে যাওয়ার ক্ষেত্রে শত্রুর আগ্রহকে নষ্ট করে দেয়া এবং এটাই হচ্ছে আসল পরাজয়। আর তালেবানের এই আগ্রহ নষ্ট হয়ে যায়নি যদিও জমিনের বুকে তাদের সবকিছু ধ্বংস হয়ে গেছে।

তাই তালেবানরা যখন শহরগুলো ছেড়ে দিয়েছে, তুমি দেখবে শত্রুর ক্ষতি শহরগুলো ছেড়ে দেওয়ার পূর্বের তুলনায় পরে বেশি হচ্ছে। কারণ তখন গেরিলারা আক্রমন করতে পারছে। এজন্যই যে বলবে আমেরিকার সামনে তালেবান পরাজিত হয়েছে, সে সামরিক যুদ্ধের কিছুই বুঝে না। কারণ তাদের মাঝে আর বিজয়ের মাঝে অনেকগুলো ধাপ রয়ে গেছে, আর এখন বিজয় আস্তে আস্তে মুজাহিদদের দিকে ফিরতে শুরু করেছে।

সার্বিক অবস্থায় তুমি এখন প্রথম ধাপে আছো। এখন শত্রুকে হত্যা করার তুলনায় শত্রুকে দুর্বল করে দেওয়া তোমার নিকট অধিক প্রয়োজনীয়। তাকে বিচ্ছিন্ন করে দেওয়া প্রয়োজন, তার মানসিক শক্তিকে ধ্বংস করে দেওয়া প্রয়োজন এবং তোমার জন্য উচিত হবে যতটুকু সম্ভব বিস্তৃত অঞ্চলে তাদেরকে ছড়িয়ে দেয়া। কারণ তারা যত বেশি ছড়াবে ততবেশী সেনা সাহায্য প্রয়োজন হতে থাকবে, হতেই থাকবে।

তোমার উপর আবশ্যক এই স্তরটাকে ধারাবাহিকভাবে চালিয়ে নিয়ে যাওয়া। আক্রমণ করবে, পলায়ন করবে ও গোপন হয়ে যাবে এবং তাদের দূর্বল স্থানে আক্রমণ করবে।

যদি তুমি তোমার শত্রুকে নম্র দেখতে পাও, তাহলে তোমার উপর আবশ্যক তাকে অহংকারী করে তোলা। তুমি শত্রুর সামনে কিছু সময়ের জন্য দুর্বলতা দেখাবে, যাতে সে অহংকারী হয়ে উঠে।

এই কাজটাই আফগানিস্থানে আমাদের ভাইয়েরা পরিপূর্ণভাবে প্রয়োগ করতে পেরেছিল। তারা সমস্ত স্থান থেকে বের হয়ে এসেছিল এবং তোরাবোড়াতে অবস্থান নিয়েছিল। তখন মুজাহিদদের শহরগুলো ছেড়ে আসার পরে তারা প্রত্যেকটা অঞ্চলে যাচ্ছিল এবং সেখানে তাদের জন্য বাসস্থান, খাদ্য ও বিভিন্ন সম্পদ পেয়ে যাচ্ছিল। এবং আমেরিকানরা যখন মুজাহিদদেরকে তোরাবোরা থেকেও বের করে দিল, তখন ঈদের পর থেকে জিলহজ পর্যন্ত তারা নিশ্চুপ ছিল। এই সময়ে শত্রুদের বিরুদ্ধে কোনো আক্রমণ পরিচালনা করেনি এবং প্রকাশ্যে কোনো কাজ করে নি। ফলে শত্রুরা ঘোষণা দিল যে, তাদেরকে পূর্ণভাবে নিশ্চিহ্ন করে দেওয়া হয়েছে। তখন বাস্তবেই অনেক মানুষের মানসিক শক্তি নষ্ট হয়ে গিয়েছিল এবং ধারণা শুরু করল আসলেই মুজাহিদরা পরাজিত হয়ে গেছে।

